

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২০৩৩

পর্ব-৭: সওম (রোযা) (১ ত্রান্)

পরিচ্ছেদঃ ৫. প্রথম অনুচ্ছেদ - (সিয়াম) কাযা করা

بَابُ الْقَضاءِ

আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ مَاتَ وَعَلَيْهِ صَوْمٌ صَامَ عَنْهُ وليه»

বাংলা

২০৩৩-[8] 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লালাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি মৃত্যুবরণ করেছে অথচ তার সওম অনাদায়ী ছিল, এ ক্ষেত্রে তার ওয়ারিসগণ সওমের কাযা আদায় করে দেবে। (বুখারী, মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: বুখারী ১৯৫২, মুসলিম ১১৪৭, আবূ দাউদ ২৪০০, সহীহ ইবনু খুযায়মাহ্ ২০৫২, দারাকুত্বনী ২৩৩৫, সুনানুল কুবরা লিল বায়হাকী ৮২২১, সহীহ ইবনু হিব্বান ৩৫৬৯, রিয়াযুস্ সলিহীন ১৮৬৭, সহীহ আল জামি' ৬৫৪৭।

ব্যাখ্যা

ব্যাখ্যা: 'আল্লামা ইবনু দাকীক (রহঃ) বলেন, আলোচ্য হাদীসটি জোরালোভাবে প্রমাণ করে যে, মৃত ব্যক্তির পক্ষ হতে তার ওয়ারিসগণ সিয়াম পালন করতে পারবে এবং সিয়ামে প্রতিনিধিত্ব বৈধ। 'উলামাগণ এ মতেরই পক্ষ অবলম্বন করেছেন। এর স্বপক্ষে অন্য আর একটি হাদীস রয়েছে। 'আবদুল্লাহ বিন 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত। এক মহিলা নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে বলল, ইয়া রসূলাল্লাহ! আমার মা মৃত্যুবরণ করেছেন কিন্তু তার ওপর মানৎ-এর সিয়াম ছিল আমি কি তার পক্ষ হতে তা আদায় করতে পারি?

জবাবে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তোমার মায়ের ওপর যদি কোন ঋণ থাকে তবে তা কি পূর্ণ করবে? মহিলাটি বলল, হ্যাঁ; নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তোমার মায়ের পক্ষ হতে তুমি সিয়াম



পালন কর। (মুসলিম, আহমাদ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন